

সংবাদ সমীক্ষা

আবার আতঙ্ক ছড়াচ্ছে ডেঙ্গু আর চিকুনগুনিয়া নিয়ে । গণমাধ্যমগুলি নতুন করে কলকাতা আর মফঃস্বলের বিপন্নতাকে তুলে ধরছে -- জুর-আক্রান্ত রুগ্নীর ভয়ঙ্কর সব সংবাদ ছেপে ভয়ের আগনে ঘি ঢালা হচ্ছে । অথচ প্রকৃতপক্ষে অবস্থা আদৌ সেরকম তীতিপ্রদ নয় ; কলকাতা বা জেলাগুলিতে এখনো পর্যন্ত একটিও ডেঙ্গু বা চিকুনগুনিয়া রুগ্নীর মৃত্যুর খবর পাওয়া যায় নি ।

তবে কেন এমন প্রচার ?

তথ্যাভিজ্ঞ সচেতন মহল মনে করছেন -- শেকড় রয়েছে গভীরে । প্রাইভেট হাসপাতাল আর নার্সিংহোমের ব্যবসা বাড়ানোর ফিকির সক্রিয় হয়েছে কৌশলে । শহরের সুসজ্জিত ব্যবহৃত প্রাইভেট হাসপাতালগুলো শ্যায় ভরাতে চাইছে চট্টগ্রাম লাভের আশায় । বিশেষ করে যাদের স্বাস্থ্যবিমা (health insurance) করা আছে তাদের ভর্তি নেওয়ার গরজ বেশি দেখা যাচ্ছে । বেড়ে দিয়েই গাদাগুচ্ছের অপয়োজনীয় ‘টেস্ট’ শুরু হচ্ছে । প্রথম দফার পরীক্ষার পর তালিকাভুক্ত বিশেষজ্ঞ ডাক্তাররা তৎপর হচ্ছেন । দ্বিতীয় দফায় আরো দারী পরীক্ষা । ধাপে ধাপে কয়েক লক্ষ টাকা বিল উঠছে । টাকা দিচ্ছে বিমা কোম্পানী । আর কে না জানে কোম্পানীরা সে টাকা তুলে নেয় বিমাকারী সাধারণ করদাতাদের পকেট থেকে । এই কৌশলী ‘টাকা-লুঠ’-এর কারবার সম্পর্কে হঁশিয়ার হওয়া দরকার সাধারণ মানুষের - এখনই ।

উৎসমানুষ পর্যালোচক
৩০ জুলাই, ২০০৭